

চেষ্টা :

(By Jyoti Mondal)

আদ্রিয়ান নামে একজন রাজা ছিলেন। তিনি বেশ কিছু সময় ধরে হতাশায় ভুগছিলেন। কারণ তিনি যে কোনো কাজ করার আগেই কাজটির নেতিবাচক প্রভাব নিয়ে অতিরিক্ত ভাবতেন, ফলে কাজটি করার সময় তিনি পিছুপা হয়ে যেতেন। রাজা এই পরিস্থিতি থেকে মুক্তি পেতে স্থির করলেন তিনি বেশ কিছু দিনের জন্য ভ্রমণ এ যাবেন এবং সাধারণ জীবন যাপন করবেন। এই উদ্দেশ্য নিয়ে বেরলেন এবং একজন সন্যাসীর গৃহে আশ্রয় নিলেন। সেখানে হঠাৎ এক পরিচিত সওদাগর এর সঙ্গে দেখা হল। সওদাগর রাজাকে দুটি বাজ পাখি উপহার দিলেন। রাজা খুব খুশি হলেন এবং পাখি দুটিকে এমন একজনের হাতে তুলে দিলেন যিনি পাখি প্রশিক্ষণ এর বিষয়ে দক্ষ। এই ভাবে মাস দুয়েক কেটে গেল। ব্যক্তিটি রাজাকে এসে বললো 'রাজামশাই একটি পাখি খুব সুন্দর ভাবে অনেক উচু আকাশে উড়তে পারছে কিন্তু অন্য পাখিটি উড়তে পারছে না খুব সামান্য উড়ছে তারপর আবার ডালে এসে বসে পরছে।' তখন রাজা মন্ত্রীকে খবর পাঠালেন যে, দেশের যেখান থেকেই হোক এমন এক জন ব্যক্তিকে নিয়ে আসো যিনি পশুপাখি ও প্রকৃতিকে খুব ভালো করে বুঝতে পারেন। পরদিন মন্ত্রী যথাস্থানে এক ব্যক্তিকে নিয়ে উপস্থিত হলেন। কিছু সময় পর মন্ত্রী রাজাকে এসে বললেন রাজামশাই দ্বিতীয় পাখিটি ও খুব সুন্দর ভাবে উড়তে পারছে। রাজা ভীষণ অবাক হয়ে মন্ত্রী কে জিজ্ঞেস করেন 'মন্ত্রী তুমি কাকে নিয়ে এসেছে?' মন্ত্রী উত্তরে বললেন 'রাজামশাই আমি একজন সাধারণ চাষী কে নিয়ে এসেছি।' রাজা সেই চাষীকে তার সামনে নিয়ে আসার নির্দেশ দেন। রাজা আদ্রিয়ান অবাক হয়ে চাষীকে জিজ্ঞেস করলেন, 'তুমি এত কম সময়ের মধ্যে এটা কিভাবে সম্ভব করলে?' চাষীটি উত্তরে বলল, 'মহারাজ আমি বিশেষ কিছুই করিনি শুধু পাখিটি যে ডাল টায় বসেছিল সেই ডালটি কেটে দিয়েছি।' রাজা শুনে খুব খুশি হলেন এবং চাষী টিকে পুরস্কৃত করলেন। রাজা পুরো বিষয়টি থেকে অনুপ্রাণিত হলেন এবং পুণরায় নিজের কাজে মন দিলেন।

বন্ধুরা আমরা সাধারণত সেই সকল শাখাপ্রশাখা গুলোকে আঁকড়ে থাকি যে গুলো আমাদের কাছে পরিচিত। আমাদের মধ্যে অনেকেই আছি যারা নিজেদের চেনা গন্ডির বাইরে এসে কিছু করতে চাই না, অপরিচিত বিষয় গুলি গ্রহণ করতে ভয় পাই, কোনো কাজ করার আগে ঝুঁকি নিতে ভয় পাই। আমরা সবাই চাইলেই পাখিটির মতো আকাশ ছুঁতে পারব। কিন্তু যতক্ষণ না আমরা ভয়ের শাখা প্রশাখা গুলো কে কেটে বাদ দেব ততখন আমরা নিজেরাই নিজেদের আকাশ ছোঁয়ার পথে বাধা হয়ে দাঁড়াব। নিজের ভীতি নিজেকে কাটাতে হবে। আমাদেরকে চেষ্টা করে যেতে হবে তবেই সময় আমাদের সুযোগ দেবে।